

তারিখঃ ১২/১২/২০১৬ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি ১ম বর্ষ অনার্স (শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭)

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ঢাকা কলেজে ভর্তিচ্ছু রিজিষ্ট্রেশন মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্রদের জানানো যাচ্ছে যে, ভর্তি কার্যক্রম আগামী ১৪/১২/২০১৬ থেকে ২০/১২/২০১৬ তারিখ পর্যন্ত চলবে। ছাত্ররা নিম্নলিখিতভাবে তাদের ভর্তিকার্যক্রম সম্পন্ন করবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা www.admissions.nu.edu.bd) এ ভর্তির ফরম ডাউনলোড করে বিভাগওয়ারী ভর্তি ফি শিওরক্যাশের মাধ্যমে (DCH কোড) জমা দিবে। শিওরক্যাশে টাকা জমা দেয়ার পর ঢাকা কলেজের ওয়েব সাইটে (www.dhakacollege.edu.bd) প্রবেশ করে শিওরক্যাশ থেকে প্রাপ্ত ট্রানজেকশন আইডি এবং ছাত্রদের Applicant Roll এর মাধ্যমে ভর্তি ফরম পূরণপূর্বক ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে


- ১। ঢাকা কলেজের ভর্তি ফরম।
- ২। এসএসসি এবং এইচএসসি এর মূল নম্বরপত্র।
- ৩। এইচএসসি এর মূল রেজিস্ট্রেশন কার্ড।
- ৪। ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- ৫। ভর্তির প্রবেশপত্রের কপি।

* ০১ সেট মূল কপি এবং ০২ সেট ফটোকপিসহ মোট ০৩টি সেট বিভাগে জমা দিতে হবে এবং ১ সেট ছাত্রের কাছে সংরক্ষিত থাকবে।

ভর্তি ফি সংক্রান্ত তথ্য নিম্নে দেয়া হলোঃ

গ্রুপ	ভর্তি ফি ও অন্যান্য
বিএ/বিএসএস/বিবিএ সম্মান	৩০৫৫/-
বিএসসি সম্মান	৩২৪৫/-

বিঃদ্রঃ সেমিনার ফি বাবদ বিজ্ঞান বিভাগের জন্য ২২০০/- টাকা এবং অন্যান্য বিভাগের জন্য ১৬০০/- টাকা স্ব-স্ব বিভাগে সেমিনার ফি রশিদের মাধ্যমে জমা দিতে হবে।



(প্রফেসর মোঃ মোয়াজ্জম হোসেন মোল্লাহ)

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা।

অধ্যক্ষ

ঢাকা কলেজ, ঢাকা


(প্রফেসর রেনু বালা গোপ)

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি

ঢাকা কলেজ, ঢাকা।